

ভারতে রাষ্ট্রীয় সফরে মিশরের প্রেসিডেন্ট  
(সেপ্টেম্বর ০১-০৩, ২০১৬)

ভারতের মহামান্য রাষ্ট্রপতি শ্রী প্রণব মুখোপাধ্যায়ের আমন্ত্রণে আরব প্রজাতান্ত্রিক মিশরের প্রেসিডেন্ট মহামান্য জনাব আবদেল ফাত্তাহ আল সিসি ভারতে রাষ্ট্রীয় সফর করবেন ০১ থেকে ০৩ সেপ্টেম্বর, ২০১৬। প্রেসিডেন্ট আল সিসি'র সফরসঙ্গী হবেন উচ্চ-পর্যায়ের প্রতিনিধি দল, যাতে থাকবেন মন্ত্রীবর্গ, কর্মকর্তা এবং বাণিজ্যিক নেতৃবৃন্দরা।

সফরকালে প্রেসিডেন্ট আল সিসিকে স্বাগত জানাবেন ভারতের রাষ্ট্রপতি এবং তাঁর সম্মানার্থে একটি ভোজ সভার আয়োজন করবেন। ভারতের উপ রাষ্ট্রপতি মান্যবর শ্রী মোহাম্মদ হামিদ আনসারি সাক্ষাৎ করবেন তাঁর সঙ্গে। ভারতের প্রধানমন্ত্রী মহামান্য শ্রী নরেন্দ্র মোদি প্রেসিডেন্ট আল সিসি'র সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করবেন এবং একটি মধ্যাহ্নভোজের আয়োজন করবেন। ভারতের পররাষ্ট্রমন্ত্রী মাননীয় শ্রীমতি সুষমা স্বরাজ সাক্ষাৎ করবেন প্রেসিডেন্ট আল সিসি'র সঙ্গে। আশা করা হচ্ছে, সফরকালে প্রেসিডেন্ট আল সিসি সাক্ষাৎ করবেন ভারত এবং মিশরের বাণিজ্যিক নেতৃবৃন্দের সঙ্গে।

ভারত এবং মিশরের মধ্যে মজবুত, ঐতিহ্যবাহী এবং সভ্যতার সুন্দর বন্ধন বিদ্যমান এবং যা বিশ্ব শান্তি ও উন্নয়নের প্রতীক।

নয়াদিল্লি

আগস্ট ২৪, ২০১৬